

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৩৩৫

আগরতলা, ২৪ সেপ্টেম্বর, ২০২৪

সেন্ট্রাল অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইব্যুনাল

২৬-২৭ সেপ্টেম্বর সোনারতরী রাজ্য অতিথিশালায় গুয়াহাটি বেঞ্চের সার্কিট আদালত

আগামী ২৬ ও ২৭ সেপ্টেম্বর, ২০২৪ তারিখে আগরতলার সোনারতরী রাজ্য অতিথিশালায় গুয়াহাটি বেঞ্চের সেন্ট্রাল অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইব্যুনালের এক সার্কিট আদালত বসবে। সেখানে ত্রিপুরা রাজ্য সম্পর্কিত মামলায় শুনানি ও নিষ্পত্তি হবে। বেঞ্চের থাকবেন প্রশাসনিক সদস্য এম এল শ্রীবাস্তব এবং আইনি সদস্য রাজবীর সিং ভাৰ্মা। তাই সংশ্লিষ্ট মামলার আইনজীবী ও বাদী বিবাদী পক্ষকে সেই সার্কিট আদালতে উপস্থিত থেকে ট্রাইব্যুনালের সাথে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়েছে। যে সমস্ত আইনজীবী, ব্যক্তি, নতুন মামলা দায়ের করতে ইচ্ছুক তারাও সেখানে উপস্থিত হয়ে মামলা দায়ের করতে পারবেন বলে জানানো হয়েছে। সেন্ট্রাল অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইব্যুনাল, গুয়াহাটি বেঞ্চ এক বিজ্ঞপ্তিতে এ সংবাদ জানিয়েছে।
